যুগান্তর

তারিখ 25 MAR 2015
পৃষ্ঠা ১৮ কলাম ২

# শ্রীপুরে ছাত্রলীগ নেতা হত্যার বিচার দাবিতে মানববন্ধন

## মহাসড়ক ২০ মিনিট অবরুদ্ধ

**শ্রীপুর (গাজীপুর) প্রতিনিধি**

শ্রীপুর উপজেলা ছাত্রলীগের সহ-সম্পাদক আল আমীন শেখ হত্যার সুষ্ঠু বিচার দাবিতে উপজেলা ছাত্রলীগের আয়োজনে মানববন্ধন ও বিক্ষোভ পালিত হয়েছে। মঙ্গলবার বেলা সোয়া ১১টার দিকে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের মাওনা চৌরাস্তায় এ কর্মসূচি পালিত হয়। পরে একটি বিক্ষোভ মিছিল মাওনা চৌরাস্তা ফ্লাইওভার চত্বর প্রদক্ষিণ করে।

মানববন্ধন পালনকালে মহাসড়কের দুই পাশে প্রায় ২০ মিনিট সব ধরনের যানবাহন আটকা পড়ে। পরে মাওনা চৌরাস্তা ফ্লাইওভারের নিচে সংক্ষিপ্ত পথসভায় বক্তব্য দেন নিহত আল আমীনের বড় ভাই আলমগীর হোসেন। উপজেলা ছাত্রলীগের সভাপতি কামাল ফকিরের সভাপতিত্বে ও যুগ্ম সম্পাদক শাহাদাত হোসেন রানার পরিচালনায় উপস্থিত ছিলেন নিহত আল আমীনের বাবা আবুল হোসেন, তার বড় ভাই আলমগীর হোসেন, সোলায়মান হক রিপন, ছাত্রলীগ নেতা সারোয়ার জাহান, সোহেল হাবিবুর রহমান রনি, উপজেলা শ্রমিক লীগের সাংগঠনিক সম্পাদক জালাল আহমেদ, মাসুদ আলম, শাহরিয়ার ইসলাম সুমন, মানিক, জুনায়েদ, আল আমীন, হীরা ফকির প্রমুখ।